Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২১ পৌষ ১৪৩১

DU in Media

05 January 2025

# The Bangladesh Today



▶ The admission test (General Knowledge and Drawing) for the undergraduate program of the Fine Arts Unit of Dhaka University for the academic year 2024-2025 was held smoothly and peacefully on Saturday. Photo: DU Public Relations

# দৈনিক আমাদের বার্তা



# আজকালের খবর

## ঢাবির চারুকলা ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে চারুকলা ইউনিটের আন্ডার-গ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তিপরীক্ষা (সাধারণ জ্ঞান ও অঙ্কন) অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে মোট ১৩০টি আসনের বিপরীতে ৬ হাজার ৯৩জন ভর্তিচ্ছু শিক্ষার্থী অংশ নেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান চারুকলা অনুষদ পরীক্ষাকেন্দ্র পরিদর্শন করেন। এসময় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, চারুকলা অনুষদের ডিন অধ্যাপক ড. আজহারুল ইসলাম শেখ এবং প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ উপস্থিত ছিলেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান প্রতিযোগিতামূলক এ ভর্তিপরীক্ষা অত্যন্ত সুষ্ঠু, শান্তিপূর্ণ ও সুশৃঙ্খল পরিবেশে অনুষ্ঠিত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন, ছাত্র-জনতার অভ্যুত্থানের ফলে পরিবর্তিত পরিস্থিতিতে বিভিন্ন ক্ষেত্রে নতুন সম্ভাবনা ও সুযোগ সৃষ্টি হয়েছে। এ সুযোগ কাজে লাগিয়ে ভর্তিপরীক্ষাসহ সব আয়োজনে আমরা শৃঙ্খলা ফিরিয়ে আনার চেষ্টা করছি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রতি সর্বজনতার যে মমতা রয়েছে, ভবিষ্যতেও তা অক্ষুণ্ন থাকবে এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম পরিচালনায় সবার সহযোগিতা অব্যাহত থাকবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। এ বছর ভর্তি পরীক্ষায় ১৩০ আসনের বিপরীতে ৬ হাজার ৮৩ জন আবেদন করেছেন। প্রতি আসনের বিপরীতে ৪৭ জন ভর্তিচ্ছু প্রতিযোগিতা করবেন। এ বছরের ২৫ জানুয়ারি কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এই ইউনিটে ২ হাজার ৯৩৪ আসনের বিপরীতে ১ লাখ ২৫ হাজার ৪১৮ শিক্ষার্থী আবেদন করেছেন। প্রতি আসনের বিপরীতে লড়বেন ৪৩ শিক্ষার্থী। ৮ ফেব্রুয়ারি ব্যবসায় শিক্ষা ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

# নয়া দিগন্ত

## ঢাবি পালি অ্যান্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পুনর্মিলনী

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) পালি অ্যান্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রথম পুনর্মিলনী গতকাল শনিবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি এবং বিভাগীয় অধ্যাপক ড. সুমন কান্তি বড়ুয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী এবং কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ■ ৪র্থ পৃ: ২-এর কলামে




ঢাকা বিশ্ববিদ্যালয় বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পুনর্মিলনীতে বক্তব্য রাখছেন অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান

## ঢাবি পালি অ্যান্ড বুদ্ধিস্ট

৩য় পৃষ্ঠার পর

ছিদ্দিকুর রহমান খান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কিশোরগঞ্জ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়ের ভিসি এবং বিভাগীয় অধ্যাপক ড. দিলীপ কুমার বড়ুয়া, বৌদ্ধধর্মীয় কল্যাণ ট্রাস্টের ট্রাস্টি অধ্যাপক ড. সুকোমল বড়ুয়া এবং সহকারী প্রক্টর ও বিভাগের সহযোগী অধ্যাপক ড. শান্টু বড়ুয়া সংবর্ধিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন। বিভাগের চেয়ারপারসন ড. নীরু বড়ুয়া স্বাগত বক্তব্য দেন। পালি অ্যান্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগ আলামনাই অ্যাসোসিয়েশনের সদস্যসচিব মো: আনোয়ার হোসেন তরফদার ধন্যবাদ জ্ঞাপন করেন।

ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে অ্যালামনাইদের ভূমিকা তুলে ধরে বলেন, সবার সম্মিলিত প্রচেষ্টায় বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে হবে। শিক্ষা ও গবেষণার উন্নয়নে বিশ্বের স্বনামধন্য বিশ্ববিদ্যালয়গুলোতে অ্যালামনাইবৃন্দ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। শিক্ষার্থীদের দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলার মাধ্যমে সমৃদ্ধ জাতি গঠনে সহযোগিতা করার জন্য তিনি অ্যালামনাইদের প্রতি আহবান জানান। বিজ্ঞপ্তি।

# দৈনিক বর্তমান



ঢাকা বিশ্ববিদ্যালয় পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রথম পুনর্মিলনী শনিবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন -বর্তমান

## ঢাবি পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পুনর্মিলনী

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রথম পুনর্মিলনী শনিবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে এরপর পৃষ্ঠা ৭.কলাম ৩

## ঢাবি পালি এন্ড

উপস্থিত ছিলেন। রবীন্দ বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর এবং বিভাগীয় অধ্যাপক ড. সুমন কান্তি বড়ুয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী এবং কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কিশোরগঞ্জ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং বিভাগীয় অধ্যাপক ড. দিলীপ কুমার বড়ুয়া, বৌদ্ধধর্মীয় কল্যাণ ট্রাস্টের ট্রাস্টি অধ্যাপক ড. সুকোমল বড়ুয়া এবং সহকারী প্রক্টর ও বিভাগের সহযোগী অধ্যাপক ড. শান্টু বড়ুয়া সংবর্ধিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন। বিভাগের চেয়ারপার্সন ড. নীরু বড়ুয়া স্বাগত বক্তব্য দেন। পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সদস্য-সচিব মো. আনোয়ার হোসেন তরফদার ধন্যবাদ জ্ঞাপন করেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে অ্যালামনাইদের ভূমিকা তুলে ধরে বলেন, সকলের সম্মিলিত প্রচেষ্টায় বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে হবে। শিক্ষা ও গবেষণার উন্নয়নে বিশ্বের স্বনামধন্য বিশ্ববিদ্যালয়গুলোতে অ্যালামনাইবৃন্দ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। শিক্ষার্থীদের দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলার মাধ্যমে সমৃদ্ধ জাতি গঠনে সহযোগিতা করার জন্য তিনি অ্যালামনাইদের প্রতি আহবান জানান।

# The Country Today

CAMPUS CORNER

## DU Pali and Buddhist Studies Department Alumni Assoc re-union held



**DU Correspondent**

The first reunion of the Dhaka University Pali and Buddhist Studies Department Alumni Association was held on Saturday at the Student-Teacher Center Auditorium.

Dhaka University Vice-Chancellor Professor Dr. Niaz Ahmed Khan was present as the chief guest at the event.

The event was presided over by Rabindra University Pro-Vice Chancellor and Departmental Professor Dr. Suman Kanti Baro-ya, while Dhaka University Treasurer Professor Dr. M. Jahangir Alam Chowdhury and Dean of the Faculty of Arts Professor Dr. Mohammad Siddiqur Rahman Khan were present as special guests.

Kishoreganj Bangabandhu Sheikh Mujibur Rahman University Vice-Chancellor and Departmental Professor Dr. Dilip Kumar Baro-ya, Buddhist Welfare Trust Trust Trustee Professor Dr. Sukomal Baroya and Assistant Proctor and Associate Professor of the Department Dr. Shantu Baroya spoke as the guests of honor. Chairperson of the Department Dr. Niru Baroya delivered the wel-come speech. Member-Secretary of the Pali and Buddhist Studies Department Alumni Association Md. Anwar Hossain Tarafdar expressed the vote

# দৈনিক আমাদের বার্তা



## ঢাবি পালি অ্যান্ড বুদ্ধিস্ট স্টাডিজ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পুনর্মিলনী

■ আমাদের বার্তা, ঢাবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) পালি অ্যান্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রথম পুনর্মিলনী অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে এ পুনর্মিলনী অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে অ্যালামনাইদের ভূমিকা তুলে ধরে উপাচার্য বলেন, সকলের সম্মিলিত প্রচেষ্টায় বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে হবে। শিক্ষা ও গবেষণার উন্নয়নে বিশ্বের স্বনামধন্য বিশ্ববিদ্যালয়গুলোতে অ্যালামনাইরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। শিক্ষার্থীদের দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলার মাধ্যমে সমৃদ্ধ

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর এবং বিভাগীয় অধ্যাপক ড. সুমন কান্তি বড়ুয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী এবং কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান।

এ ছাড়া সংবর্ধিত অতিথি হিসেবে বক্তব্য দেন কিশোরগঞ্জ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং বিভাগীয় অধ্যাপক ড. দিলীপ কুমার বড়ুয়া, বৌদ্ধধর্মীয় কল্যাণ ট্রাস্টের ট্রাস্টি অধ্যাপক ড. সুকোমল বড়ুয়া এবং সহকারী প্রক্টর ও বিভাগের সহযোগী অধ্যাপক ড. শান্টু বড়ুয়া। স্বাগত বক্তব্য দেন বিভাগের চেয়ারপার্সন ড. নীরু বড়ুয়া। অনুষ্ঠানে পালি অ্যান্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সদস্য-সচিব মো. আনোয়ার হোসেন তরফদার ধন্যবাদ জ্ঞাপন করেন।

# ভোরের কাগজ

## বাঁধন ঢাবি জোনের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

স্বেচ্ছায় রক্তদাতাদের সংগঠন 'বাঁধন ঢাকা বিশ্ববিদ্যালয় জোন' এর বার্ষিক সাধারণ সভা ও দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠান গত শুক্রবার সন্ধ্যায় ছাত্র-শিক্ষক কেন্দ্র' মিলনায়তনে (টিএসসি) অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

বাঁধন ঢাকা বিশ্ববিদ্যালয় জোনের বিদায়ী সহসভাপতি নাঈম আকন্দের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া অনুষ্ঠানে বাঁধন কেন্দ্রীয় পরিষদের সভাপতি শামীম গাজী এবং সাধারণ সম্পাদক মো. শাকিল আহমেদ বক্তব্য রাখেন।

উল্লেখ্য, বাঁধন ঢাকা বিশ্ববিদ্যালয় জোনের কার্যকরী পরিষদ-২০২৫ এর সভাপতি হয়েছেন মো. আমিরুল ইসলাম এবং সাধারণ সম্পাদক হয়েছেন মো. জয়নুল আবেদীন। এই কার্যকরী পরিষদ আগামী ১ বছরের জন্য দায়িত্ব পালন করবে। বিজ্ঞপ্তি



ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি মিলনায়তনে গত শুক্রবার সন্ধ্যায় অনুষ্ঠিত 'বাঁধন ঢাকা বিশ্ববিদ্যালয় জোন' এর বার্ষিক সাধারণ সভা ও দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠানে উপস্থিত প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদসহ অন্যরা -বিজ্ঞপ্তি

# আমার সংবাদ



## বাঁধন ঢাকা বিশ্ববিদ্যালয় জোনের বার্ষিক সাধারণ সভা

স্বেচ্ছায় রক্তদাতাদের সংগঠন 'বাঁধন ঢাকা বিশ্ববিদ্যালয় জোন'-এর বার্ষিক সাধারণ সভা ও দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠান গত শুক্রবার সন্ধ্যায় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বাঁধন ঢাকা বিশ্ববিদ্যালয় জোনের বিদায়ী সহ-সভাপতি নাঈম আকন্দের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া, অনুষ্ঠানে বাঁধন কেন্দ্রীয় পরিষদের সভাপতি শামীম গাজী এবং সাধারণ সম্পাদক মো. শাকিল আহমেদ বক্তব্য রাখেন। উল্লেখ্য, বাঁধন ঢাকা বিশ্ববিদ্যালয় জোনের কার্যকরী পরিষদ-২০২৫ এর সভাপতি হয়েছেন মো. আমিরুল ইসলাম এবং সাধারণ সম্পাদক হয়েছেন মো. জয়নুল আবেদীন। এই কার্যকরী পরিষদ আগামী ১বছরের জন্য দায়িত্ব পালন করবে। -বিজ্ঞপ্তি

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



# প্রতিদিনের সংবাদ

ঢাবির বিজয় একাত্তর হল

## যুক্তিতর্কে বিতর্ক উৎসব

সাহিদা আক্তার

শেষ হলো বিজয় একাত্তর হল ডিবেটিং ক্লাবের বিতর্ক উৎসব। এতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়াজ আহমেদ খান চ্যাম্পিয়ন ও রানার্সআপ দলের হাতে ট্রফি তুলে দেন। সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) বিজয় একাত্তর হল ডিবেটিং ক্লাব আয়োজিত পঞ্চম বিজয় বিতর্ক উৎসব ২০২৪-এ (বিশ্ববিদ্যালয় পর্যায়) রানার্সআপ হয়েছে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (যবিপ্রবি)। এতে চ্যাম্পিয়ন হয়েছে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট)।

সমাপনী অনুষ্ঠানে শনিবার (২৮ ডিসেম্বর) বিকালে ঢাবির বিজয় একাত্তর হলের অডিটোরিয়ামে ফাইনালে চুয়েট ডিবেটিং ক্লাবের দলের কাছে ৩-২ ব্যালটে পরাজিত হয়ে রানার্সআপ হয় যবিপ্রবি ডিবেট ক্লাবের দল 'নবসূর্য-৫২'। প্রাথমিক পর্বে দ্বিতীয় ও ফাইনাল পর্বের শ্রেষ্ঠ বিতার্কিক নির্বাচিত হন যবিপ্রবি ডিবেট ক্লাবের শাহরিয়ার কবির। এর আগে প্রাথমিক পর্বে তিন রাউন্ডে জয়লাভের পর প্রথম স্থান অধিকার করে কোয়ার্টার ফাইনালে পৌঁছান যবিপ্রবির বিতার্কিকরা। কোয়ার্টার ও সেমিফাইনাল জয় করে ফাইনালে উত্তীর্ণ হয় যবিপ্রবি ডিবেট ক্লাবের দল নবসূর্য-৫২।

ফাইনাল পর্বের বিতর্কে 'এই সংসদ, গণঅভ্যুত্থান-পরবর্তী বাংলাদেশে উদারপন্থি রাজনীতিকে মহিমান্বিত করায় অনুতপ্ত'– এ বিষয়ে বিরোধী দলের হয়ে বিতর্ক করেন যবিপ্রবি বিতর্ক ক্লাবের শাহরিয়ার কবির, আইয়ান আকিব ও আসিফ করিম আলভি। উল্লেখ্য, ২৬ থেকে ২৮ ডিসেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজয় একাত্তর হলের বিতর্ক সংগঠন বিজয় একাত্তর ডিবেট ক্লাব পঞ্চমবারের মতো বিজয় বিতর্ক উৎসব আয়োজন করে। প্রতিযোগিতায় দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ৩২টি ক্লাব অংশগ্রহণ করে। প্রতিযোগিতা প্রাথমিক তিন রাউন্ড ট্যাব পর্ব, কোয়ার্টার, সেমিফাইনাল ও ফাইনাল পর্বে অনুষ্ঠিত হয়।

আয়োজকরা জানান, এ বিতর্ক প্রতিযোগিতায় প্রথম থেকেই সহযোগিতায় আছে এথিকস ক্লাব। আগামীতেও এ সহযোগিতা অব্যাহত থাকবে।



বিতর্ক উৎসবের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে আগত অতিথিদের সঙ্গে বিজয়ী বিতার্কিকরা

# বর্তমান



# ‘বাঁধন ঢাকা বিশ্ববিদ্যালয় জোন’র বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

ঢাবি প্রতিনিধি

স্বেচ্ছায় রক্তদাতাদের সংগঠন 'বাঁধন ঢাকা বিশ্ববিদ্যালয় জোন'-এর বার্ষিক সাধারণ সভা ও দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠান ০৩ জানুয়ারি ২০২৫ শুক্রবার সন্ধ্যায় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

বাঁধন ঢাকা বিশ্ববিদ্যালয় জোনের বিদায়ী সহ-সভাপতি নাঈম আকন্দের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া, অনুষ্ঠানে বাঁধন কেন্দ্রীয় পরিষদের সভাপতি শামীম গাজী এবং সাধারণ সম্পাদক মো. শাকিল আহমেদ বক্তব্য রাখেন। উল্লেখ্য, বাঁধন ঢাকা বিশ্ববিদ্যালয় জোনের কার্যকরী পরিষদ-২০২৫ এর সভাপতি হয়েছেন মো. আমিরুল ইসলাম এবং সাধারণ সম্পাদক হয়েছেন মো. জয়নুল আবেদীন। এই কার্যকরী পরিষদ আগামী ১বছরের জন্য দায়িত্ব পালন করবে।

## দেশ রূপান্তর

# হাজী মুহসীন বিতর্ক প্রতিযোগিতায় পুরস্কার বিতরণ

ঢাবি প্রতিনিধি

'চতুর্থ হাজী মুহম্মদ মুহসীন স্মারক আন্তঃক্লাব জাতীয় বিতর্ক প্রতিযোগিতা ২০২৪'-এর সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান গতকাল শনিবার সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। ঢাবি হাজী মুহম্মদ মুহসীন হল ডিবেটিং ক্লাব আয়োজিত এ প্রতিযোগিতায় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ৩২টি বিতর্ক ক্লাব অংশ নেয়।

চূড়ান্ত বিতর্কে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক মুসলিম হলকে (সরকারি দল) ৬-৩ ব্যালটে হারায় বঙ্গমাতা ফজিলাতুন্নেছা ডিবেটিং ক্লাব (বিরোধী

পৃষ্ঠা ১১ কলাম ৬ >



হাজী মুহসীন স্মারক বিতর্ক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি জ্বালানি উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান (বাঁ থেকে দ্বিতীয়) ও বিশেষ অতিথি রূপায়ণ গ্রুপের কো-চেয়ারম্যান মাহির আলী খাঁন রাতুলের (ডান থেকে দ্বিতীয়) সঙ্গে অন্যরা ■ দেশ রূপান্তর

## হাজী মুহসীন বিতর্ক

(শেষ পৃষ্ঠার পর)

দল)। শ্রেষ্ঠ বিতার্কিক নির্বাচিত হন বিরোধী দলের উপনেতা উম্মে সুহালা। বিতর্কের বিষয় ছিল- 'এই সংসদ, জুলাই বিপ্লবীদের বিপ্লব-পরবর্তী সময়ে পতিত ক্ষমতাসীন দল ও তার দোসরদের প্রতি উদার মানসিকতাকে সমর্থন করে।'

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। বিশেষ অতিথি ছিলেন দেশ রূপান্তরের প্রকাশক ও রূপায়ণ গ্রুপের কো-চেয়ারম্যান মাহির আলী খাঁন রাতুল।

মুহসীন হল ডিবেটিং ক্লাবের সভাপতি মেহেদী হাসানের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক ছাদিক হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান আলোচক ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী। এ ছাড়া হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ নাজমুল আহসান, হল বিতর্ক ক্লাবের মডারেটর আইনুল ইসলাম, ঢাকা ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির সভাপতি অর্পিতা গোলদার এবং সাধারণ সম্পাদক আদনান মুস্তারি অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য দেন।

প্রধান অতিথির বক্তব্যে মুহাম্মদ ফাওজুল কবির খান বিজয়ীদের অভিনন্দন জানিয়ে বলেন, 'শিক্ষা, যুক্তিতর্ক উপস্থাপন, শৃঙ্খলাবোধ ও মূল্যবোধ বিকাশের ক্ষেত্রে বিতর্কচর্চার গুরুত্ব অপরিসীম। বিতর্কচর্চার মাধ্যমে সমাজের বিভিন্ন ক্ষেত্রে সত্য উদঘাটনসহ নানা প্রাসঙ্গিক বিষয় উঠে আসে। বিতর্ক মানেই জনমত সৃষ্টি করা। আমরা অন্তর্বর্তী সরকারের পক্ষ থেকে যে সংস্কার কমিশন গঠন করেছি, ১৫ তারিখের (জানুয়ারি) মধ্যে সেই রিপোর্ট আসবে। রিপোর্টগুলো নিয়েও আমরা বিতর্ক করব। এই বিতর্কের উদ্দেশ্য হবে যেন সবার মধ্যে ঐকমত্য সৃষ্টি করতে পারি এবং জাতি হিসেবে এগিয়ে যেতে পারি।

বিশেষ অতিথির বক্তব্যে রূপায়ণ গ্রুপের কো-চেয়ারম্যান মাহির আলী খাঁন রাতুল বলেন, 'করপোরেট প্রতিষ্ঠান হিসেবে বিতর্কের মতো একটি নান্দনিক বিষয়ের সঙ্গে যুক্ত থাকতে পেরে আমরা আনন্দিত। আশা করি, অন্যান্য করপোরেট প্রতিষ্ঠানগুলোও এগিয়ে আসবে। আগামীতে সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলার জন্য এ ধরনের বিতর্কের মাধ্যমে যুক্তিশীল ও স্মার্ট জনবল তৈরি করতে হবে। আমরা বিশ্বাস করি, যুগের সঙ্গে তাল মিলিয়ে এ ধরনের প্রতিযোগিতা বিতার্কিক, সমাজ এবং বুদ্ধিবৃত্তিক জগতে নতুন চিন্তার খোরাক দেবে। আমরা আগামীতেও এ ধরনের আয়োজনের সঙ্গে যুক্ত থাকব।'

প্রধান আলোচক ঢাবির কোষাধ্যক্ষ অধ্যাপক ড. জাহাঙ্গীর আলম চৌধুরী বলেন, সহপাঠ্যক্রমের অংশ হিসেবে বিতর্কের গুরুত্ব অপরিসীম এবং এটি খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এই বিতর্কের মাধ্যমেই মানবিক মানুষ হওয়ার সুযোগ তৈরি হয়।

এ আয়োজনের সার্বিক সহায়তায় স্পনসর হিসেবে ছিল রূপায়ণ সিটি ও স্ন্যাকস পার্টনার ম্যাগি মাসালা ব্লাস্ট। মিডিয়া পার্টনার ছিল দৈনিক দেশ রূপান্তর ও এশিয়ান টিভি।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২১ পৌষ ১৪৩১ DU in Media 05 January 2025

# দেশ রুপান্তর

ক্যাম্পাস সংবাদ

## বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরাম ঢাবি শাখার লেখা প্রদর্শনী-২০২৫



জুলাই বিপ্লবসহ অন্যান্য বিষয়ের সহস্রাধিক লেখার এই প্রদর্শনীর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী

■ আশিক খান

বছরের প্রথম দিনেই বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরাম ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা আয়োজন করেছিল 'নবীনবরণ ও লেখা প্রদর্শনী'। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরাম ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি তাহমিনা আক্তারের সভাপতিত্বে অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ড. মুহাম্মদ সাজ্জাদ হোসেন সিদ্দিকী, ক্লাসভিত্তিক প্রতিষ্ঠান এএফপির ফ্যাক্ট চেক এডিটর কদরুদ্দীন শিশির, বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরামের সভাপতি আমজাদ হোসেন হৃদয় ও সাধারণ সম্পাদক ইমরান উদ্দিন বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন। বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরাম ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক মো. আবদুর রহিম অনুষ্ঠান সঞ্চালনা করেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, লেখকরা সমাজের বিভিন্ন চিত্র লেখনীর মাধ্যমে ফুটিয়ে তোলেন। লেখালেখির মাধ্যমে সৃজনশীল চিন্তার জগৎ প্রসারিত হয় ও ভাষাগত দক্ষতা বৃদ্ধি পায়। পাশাপাশি দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সুনাম ও স্বীকৃতিও মেলে। শিক্ষার্থীদের এ ধরনের কার্যক্রম বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। মানসম্মত লেখা প্রাতিষ্ঠানিক পর্যায়ে প্রকাশের জন্য বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সব সহযোগিতা করা হবে বলে তিনি উল্লেখ করেন।

অনুষ্ঠানে অতিথিদের ক্রেস্ট দিয়ে বরণ করে নেওয়া হয়। এ ছাড়া মাসিক সেরা লেখকদেরও ক্রেস্ট উপহার দেওয়া হয়। নবীনদের জন্য উপহার ছিল টি-শার্ট, গোলাপ ফুল, চাবির রিং, বই ও কলম। মধ্যাহ্নভোজের জন্য ছিল বিরিয়ানি।

সকালে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী ছাত্র-শিক্ষক কেন্দ্রে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে 'লেখা প্রদর্শনীর' উদ্বোধন করেন। তরুণ লেখকদের নির্বাচিত লেখা নিয়ে এই প্রদর্শনীর আয়োজন করা হয়। প্রদর্শনীতে ফোরামের লেখকদের সম্পাদকীয় কলাম, ইংরেজি কলাম, ইসলামিক কলাম, নবীন সদস্যদের প্রকাশিত কলাম, সাহিত্য অংশ, ঢাবির সমস্যা, সংকট নিয়ে লেখা কলাম ও চিঠি স্থান পায়।

# ভোরের কাগজ



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৮-২০১৯ সেশনের প্রাক্তনীদের সংগঠন 'অপরাজেয় ৯৮'-এর পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান

# আমার দেশ



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৮-১৯ সেশনের শিক্ষার্থীদের সংগঠন 'অপরাজেয় ৯৮'-এর পুনর্মিলনী অনুষ্ঠান শনিবার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। আরও বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের উপদেষ্টা নাহিদ ইসলাম প্রমুখ ©আমার দেশ

# প্রতিদিনের সংবাদ




ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাক ড. নিয়াজ আহমদ খান শনিবার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে প্রাক্তনীদের সংগঠন 'অপরাজেয় '৯৮-এর পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন। অনুষ্ঠানে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের উপদেষ্টা মো. নাহিদ ইসলাম উপস্থিত ছিলেন । ফোকাস বাংলা

## খবরের কাগজ



### ঢাবিতে ২০১৮-১৯ সেশনের শিক্ষার্থীদের পুনর্মিলনী

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০১৮-১৯ সেশনের সাবেক শিক্ষার্থীদের সংগঠন 'অপরাজেয় ৯৮'-এর পুনর্মিলনী অনুষ্ঠান হয়েছে। গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এই অনুষ্ঠান হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। এ সময় আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর ড. রফিকুল ইসলাম অনুষ্ঠানে অংশ নেন। বিজ্ঞপ্তি

## নয়া দিগন্ত



### ঢাবিতে অপরাজেয় ৯৮-এর পুনর্মিলনী অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০১৮-২০১৯ সেশনের সাবেকদের সংগঠন 'অপরাজেয় ৯৮'-এর পুনর্মিলনী অনুষ্ঠান শনিবার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা এবং ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের উপদেষ্টা মো: নাহিদ ইসলাম বক্তব্য রাখেন। বিজ্ঞপ্তি।

## The Financial Express



Dhaka University Vice-Chancellor Prof Dr Niaz Ahmed Khan addressing as the chief guest a reunion of the 'Aparajeyo 98', a platform of the DU 1998 batch alumni, held at the university central playground on Saturday. Information and Broadcasting Adviser Md Nahid Islam is also seated beside. — Focus Bangla

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২১ পৌষ ১৪৩১

DU in Media

05 January 2025

## আমার সংবাদ



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৮-১৯ সেশনের প্রাক্তনীদের সংগঠন 'অপরাজেয় ৯৮'-এর পুনর্মিলনী অনুষ্ঠান গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে।
ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা এবং ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের উপদেষ্টা মো. নাহিদ ইসলাম বক্তব্য রাখেন। -বিজ্ঞপ্তি

## দৈনিক আমাদের বার্তা

### ঢাবির 'অপরাজেয় ৯৮' পুনর্মিলনীর উপহারে ছাত্রদলের মূলনীতি!

■ আমাদের বার্তা, ঢাবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের সংগঠন 'অপরাজেয় ৯৮'-এর পুনর্মিলনী অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এদিকে এ অনুষ্ঠানে দেয়া উপহারে ছাত্রদলের মূলনীতি 'শিক্ষা, ঐক্য, প্রগতি' লেখা থাকাকে ঘিরে শুরু হয়েছে সমালোচনা। জানা যায়, পুনর্মিলনীতে অংশগ্রহণ করা শিক্ষার্থীদেরকে দেয়া উপহার ব্যাগ এবং চাবির রিংয়ে ছাত্রদলের মূলনীতি 'শিক্ষা, ঐক্য, প্রগতি' সংবলিত 'অপরাজেয় ৯৮, ঢাকা বিশ্ববিদ্যালয়' লোগো দেখতে পান শিক্ষার্থীরা। পুনর্মিলনীর মতো একটি অরাজনৈতিক অনুষ্ঠানে ছাত্রদলের সম্পৃক্ততা নিয়ে সমালোচনা করছেন শিক্ষার্থীরা।

তবে বিষয়টিকে অনিচ্ছাকৃত ভুল হিসেবে উল্লেখ করছেন আয়োজকরা। আয়োজক কমিটির তরফ থেকে বলা হচ্ছে লোগোতে ছাত্রদলের মূলনীতি 'শিক্ষা,ঐক্য, প্রগতি' আসাটা অনিচ্ছাকৃত ভুল।

## The Country Today



*The reunion programme of Dhaka University's 2018-2019 session alumni organization 'Aparajeyo 98' was on Saturday at the university's central playground. DU VC Prof Dr. Niaz Ahmed Khan was present as the chief guest at the program. Among others, the university's Pro-VC (Admin) Prof Dr. Saima Haque Bidisha and Adviser to the Ministry of Posts, Telecommunication and Information Technology Md. Nahid Islam spoke at the programme. -Photo: DU Public Relations*

## জনকণ্ঠ



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৮-২০১৯ সেশনের শিক্ষার্থীদের সংগঠন 'অপরাজেয় ৯৮'-এর পুনর্মিলনী অনুষ্ঠান শনিবার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা এবং ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের উপদেষ্টা মো. নাহিদ ইসলাম বক্তব্য রাখেন।